

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
[কর নীতি শাখা]


নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৭.০০৮.১৫/২১৫ (৫০)

তারিখঃ ২৩ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ
০৬ মার্চ, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মিটিং বা প্রশিক্ষণ বাবদ প্রাপ্ত ফি বা সম্মানীর উপর আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52AA অনুযায়ী উৎসে কর কর্তন।

মিটিং বা প্রশিক্ষণ বাবদ কোন নিবাসীকে ফি বা সম্মানী হিসেবে কোন অর্থ পরিশোধের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52AA অনুযায়ী উৎসে কর কর্তনের প্রযোজ্যতার বিষয়ে মাঠ পর্যায়ে জিজ্ঞাসা রয়েছে বলে জাতীয় রাজস্ব বোর্ড অবগত হয়েছে। এ বিষয়ে এ মর্মে স্পষ্টীকরণ করা হচ্ছে যে,

- (ক) কোন মিটিংয়ে অংশগ্রহণের জন্য মিটিং ফি বা সম্মানী বা অনুরূপ কোন অর্থ প্রদান করা হলে তার উপর আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52AA অনুযায়ী ১০% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে;
- (খ) প্রশিক্ষক বা রিসোর্স পার্সন (Resource Person) হিসেবে দায়িত্ব পালন বা প্রশিক্ষণ সেবা প্রদানের বিপরীতে কোন ফি, সম্মানী, চার্জ বা অন্য যে কোন নামে অর্থ পরিশোধ করা হলে তার উপর আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52AA অনুযায়ী ১০% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। তবে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য কোন প্রশিক্ষার্থীকে দৈনিক ভাতা, প্রশিক্ষণ ভাতা বা অনুরূপ কোন অর্থ প্রদান করা হলে তার উপর উৎসে কর কর্তন করতে হবে না।



মোঃ জসীমুদ্দিন আহমেদ
দ্বিতীয় সচিব (কর আইন-১)

ফোনঃ ০২-৮৩৯১৬১৪

ই-মেইলঃjuahmed74@gmail.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

- ১। সদস্য (সকল), আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস (কর) একাডেমী/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, ঢাকা।
- ৩। কর কমিশনার, (সকল)।
- ৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোডের জন্য)।

অনুলিপিঃ

মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১ (রেগুলেশন ডেস্ক) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা-১০০০।